

পঞ্চাঙ্গ-শুদ্ধি

পঞ্চাঙ্গ-শুদ্ধি

আত্ম-স্থান মন্ত্র দ্রব্য-দেবে-শুদ্ধিস্তু পঞ্চমী।  
যাবন্ন কুরুতে দেবিতস্য দেবোর্চ্চৎ কুতঃ।।

পঞ্চাঙ্গশুদ্ধি ব্যতিক্রমে পূজায় অধিকার জন্মে না। সুতরাং পঞ্চাঙ্গশুদ্ধি না করিয়া পূজা করিলে সে পূজা নসিফল হয়। আত্মশুদ্ধি, স্থানশুদ্ধি, মন্ত্রশুদ্ধি, দেবেশুদ্ধি ও দ্রব্যশুদ্ধি এই পঞ্চাঙ্গ শুদ্ধি।

সুস্নাতরৈভূতশুদ্ধ্যা চ প্রাণায়ামাদভিসিতথা।  
ষড়্গগাদ্যখলিন্যাসরৈত্মশুদ্ধিরিদীরতি।।

তীর্থাদি বিশুদ্ধজলে স্নান করিয়া ভূতশুদ্ধি, প্রাণায়াম ও ষড়্গগন্যাসাদি করিলে আত্মশুদ্ধি হয়।

সম্মার্জ্জনানুলপোদ্যৈর্দ্রপর্ণগোদরবৎ শুভম্। বতিনধূপ-দীপাদি-পুষ্পমাল্যাদি শোভতিম্। পঞ্চবর্ণরজোভিশ্চ স্থানগ্ভদধিরিতীরতি।।

যে স্থানে পূজাদি কার্য হইবে, সেই স্থান মার্জ্জন ও লপেনাদি দ্বারা দ্রপর্ণগোদরের ন্যায় পরিস্কার করিয়া, চন্দ্রাতপ, ধূপ, দীপ ও পুষ্পমাল্যাদি দ্বারা সুশোভিত করিলে এবং পঞ্চবর্ণচূর্ণদ্বারা স্থান বচিত্র করিয়া স্থানশুদ্ধি করবে।

গ্রথতিবা মাতৃকাবর্ণরৈমূল মন্ত্রাক্ষরাণি চ।  
ক্রমোৎকরমাদ্দরিবৃত্ত্যা মন্ত্রশুদ্ধিরিতীরতি।।

মাতৃকাবর্ণদ্বারা অনুলোম বলিমানুকরমে মন্ত্রবর্ণ পুটি করিয়া দুইবার পাঠ করবে। এইরূপ করিলে মন্ত্রশুদ্ধি হয়।

পূজাদ্রব্যণি সম্প্রকোক্ষ্য মূলাস্তরশৈচ বধিনতঃ।  
দ্রশয়দেধনুমুদ্রাদীন্ দ্রব্যশুদ্ধিঃ প্রকীর্ত্ততি।।

পূজার দ্রব্যসমুদয় কুশার অগ্রভাগদ্বারা মূলমন্ত্র “ফট্” এই মন্ত্রদ্বারা প্রকোষণ করতঃ ধনুমুদ্রাদি প্রদর্শন করিলে দ্রব্যশুদ্ধি হইয়া থাকে।

পীঠে দেবীং প্রতষ্টিপ্য সকলীকৃত্য মন্ত্রবৎ। মূলমন্ত্রেণ মালাদীন্ ধূপাদী-নুদকনে চ।। ত্রবিারং প্রকোক্ষয়দে বদ্বান্ দেবেশুদ্ধিরিতীরতি।।

মন্ত্ররজ্জ সাধক আসনে দেবীকে প্রতষ্টি করিয়া সকলীকরণমুদ্রায় সকলীকরণ করবে এবং মূলমন্ত্রে মাল্য ও ধূপদীপাদি ত্রিবার প্রকোষণ করিলে দেবেশুদ্ধি হয়।

শবিগারে ঝলপকঞ্চ সূর্য্যাগারে চ শঙ্খকম্। দূর্গাগারে বংশীবাদ্যং মধুরীঞ্চ ন বাদয়ৎে।। বরিঞ্চস্তু গৃহে ঢক্বাং ঘণ্টাং লক্ষ্মীগৃহে ত্যজৎে। সর্ববাদ্যময়ীং ঘণ্টাং বাদ্যভাবে প্রবাদয়ৎে।।

শবিমন্ডরিতে করতাল, সূর্য্যগৃহে শঙ্খ, দূর্গামণ্ডপে বংশী ও মাধুরী, ব্রহ্মাগারে ঢাক ও লক্ষ্মীগৃহে ঘণ্টা বাজাইবে না। ঘণ্টা সর্ববাদ্যময়ী, অন্য বাদ্যের অভাবে কেবল ঘণ্টা বাজাইয়াই পূজাদি হইতে পারে।